গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন
প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট

এবং

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ০১, ২০১৬ – জুন ৩০, ২০১৭

সূচীপত্র

কর্মসম্পাদনের সার্বিক চিত্র...৩

উপক্রমণিকা...৪

সেকশন -১: কার্যাবলী..৫

সেকশন-২: কার্যক্রম, কর্মসম্পাদন সূচকএবং লক্ষ্যমাত্রাসমূহ..৬-৭

সংযোজনী-১ শব্দ সংক্ষেপ (Acronyms) ৯

সংযোজনী-২ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি...১০

সংযোজনী-৩ কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/ সংস্থার উপর নির্ভরশীলতা..................................১১

পিরোজপুর-গোপালগন্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ) এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance of Pirojpur-Gopalganj-Bagerhat Integrated Agricultural Development Project (DAM part)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (০৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

কৃষকের সাথে বাজারের সংযোগ স্থাপন, অবকাঠামোগত সুযোগ সুবিধা সৃষ্টি ও অন্যান্য বিপণন সেবা সম্প্রসারণের মাধ্যমে প্রকল্প এলাকার কৃষকের আয় বৃদ্ধির লক্ষ্যে পিরোজপুর-গোপালগন্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (বিপণন অংগ) শীর্ষক প্রকল্পটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে। কৃষকদের সহজ বাজার প্রবেশাধিকার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পভূক্ত ০৩টি জেলায় ৭,২০০ বর্গফুট আয়তন বিশিষ্ট ০৪টি এসেম্বল সেন্টার নির্মাণ করা হয়েছে। দরকষাকষির সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২৭০টি কৃষক বিপণন দল গঠন করা হয়েছে। এছাড়া ০১টি সেমিনার, ০৬ টি ওয়ার্কশপ আয়োজনসহ ০৩টি নতুন শস্য গুদাম মেরামত ও সংস্কারপূর্বক চালুকরণের কাযর্ক্রম গ্রহন করা হয়েছে। সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৪,৫০০ জন কৃষক, ৪৫০ জন প্রক্রিয়াজাতকারীকে প্রশিক্ষণ প্রদান এবং ১৩৬০ জন কৃষকের সমন্বয়ে ৩৪ ব্যাচ মোটিভেশন ট্যুর-এর আয়োজন করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম বিষয়ে ৬৫,০০০ বিভিন্ন ধরনের পোষ্টার, হ্যান্ডবিল, স্টিকার, ইত্যাদি মুদ্রনপূর্বক প্রচার করা হয়েছে।

বিদ্যমান সমস্যা এবং চ্যালেঞ্জসমূহঃ

পিরোজপুর-গোপালগন্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (বিপণন অংগ) শীর্ষক প্রকল্পের কর্মপরিধির তুলনায় পর্যাপ্ত জনবলের অভাবে গঠিত কৃষকদল ও বাজার ব্যবস্থাপনা কমিটিগুলোর কার্যক্রম সুস্থুভাবে মনিটরিং করা যাচ্ছেনা। ফলে অগ্রপশচাদ সংযোগ, মূল্য সংযোজন, শস্য গুদাম কার্যক্রম, সাপ্লাই চেইনসহ দল ও চুক্তিভিত্তিক বিপণন যোগসূত্র কার্যক্রম ব্যহত হচ্ছে। স্বল্প বেতনে জনবল না পাওয়ায় শস্য গুদাম চালু করা যাচ্ছেনা। তা ছাড়া এসেম্বল সেন্টার নির্মানের নিমিত্তি খাস জমি পাওয়া বেশ কঠিন।

ভবিষ্যত কর্মপরিকল্পনাঃ

কৃষি উৎপাদন বৃদ্ধির সাথে সাথে কৃষির বাণিজ্যিকরণ, কৃষি ব্যবসা ও কৃষি ভিত্তিক শিল্পের প্রসার এবং কৃষি পণ্য রপ্তানী বৃদ্ধি পেয়েছে। সুষ্ঠু ও আধুনিক বিপণন ব্যবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে কৃষিপণ্যের হাট বাজারসমূহের ব্যবস্থাপনা ও উন্নয়নে ভূমিকা রাখা। কৃষিপণ্যের ভ্যালু চেইন ও সাপ্লাই চেইন উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান ও নির্মিত এসেম্বল সেন্টারগুলোর অবকাঠামোগত ও লজিষ্টিক সুবিধা আরোও বৃদ্ধি করা। কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ বিশেষ করে গৃহ পর্যায়ে এবং ক্ষুদ্র উদ্যোক্ত পর্যায়ে প্রক্রিয়াজাতকরণ সুবিধা বৃদ্ধির লক্ষ্যে পণ্য বিপণনে সহায়তার নিমিত্ত ব্র্যান্ডিং, মোড়কীকরণ, সার্টিফিকেশন ইত্যাদি সুবিধা উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহায়তা সেবা প্রদান করা। এছাড়া গঠিত কৃষকদল ও বাজার ব্যবস্থাপনা কমিটিগুলো কার্যক্ষম করা ও দক্ষতা বৃদ্ধি করা।

২০১৬-১৭ অর্থবছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

- বিপণন ও প্রকল্পের কার্যক্রম বিষয়ে ৭০টি প্রতিবেদন ও ১০,০০০ বিভিন্ন ধরনের প্রচার প্রচারনা পোষ্টার, হ্যান্ডবিল, স্টিকার, ইত্যাদি) প্রকাশ;
- ৬০টি কৃষক বিপণন দল গঠন, ১০০ জন কৃষক ও ৭৫০ জন কৃষি ব্যবসায়ী উদ্যোক্তাকে বাজার সংযোগ সুবিধা প্রদান;
- ২৬০০ জন কৃষক ও ২৫০ জন কৃষি প্রক্রিয়াজাতকারীকে প্রশিক্ষণ প্রদান;
- ০৪টি ওয়ার্কশপ ও ৪৮০ জন কৃষক সমন্বয়ে ১২টি ব্যাচে মোটিভেশনাল ট্যুর আয়োজন;
- ০১ টি এসেম্বল সেন্টার নির্মান, ০২টি এসেম্বল সেন্টার ও সংস্কারকৃত ০৩টি শস্য গুদাম চালুকরণ।

উপক্রমণিকা (Preamble)

সরকারী দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট

এবং

মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ২৯ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন -১:

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রূপকল্প (Vision):

উৎপাদক, বিক্রেতা ও ভোক্তা সহায়ক কৃষি বিপণন ও কৃষি ব্যবসা উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য (Mission) :

আধুনিক সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণ এবং কৃষিপণ্যের বিপণন ও সরবরাহ ব্যবস্থায় সহায়তা প্রদানের মাধ্যমে কৃষিপণ্যের চাহিদা ও যোগান নিরূপন, মজুদ ও মূল্য পরিস্থিতি বিশ্লেষণ ও অত্যাবশ্যকীয় কৃষিপণ্যের মূল্য ধারার আগাম প্রক্ষেপণ এবং এ বিষয়ক তথ্য ব্যবস্থাপনা ও প্রচার।

১.৩. কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective):

কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণনে সহায়তা করা।

১.৪ কার্যাবলী (Functions):

১) কৃষিপণ্যের বাজার তথ্য, গবেষণা, মার্কেট রেগুলেশন ও বাজার সম্প্রসারণ।

২) বিপণন ব্যবস্থাপনার উন্নয়ন ও কৃষকদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য প্রাপ্তিতে সহায়তা ও ভোক্তাসেবা প্রদানের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন।

৩) গুরুত্বপূর্ণ কৃষিপণ্যের বাজার দর পর্যালোচনা ও পূর্বাভাস প্রদান এবং প্রধান প্রধান ফসলের সরকার কর্তৃক ন্যূনতম সংগ্রহ মূল্য নির্ধারণে সহায়তা প্রদান।

৪) কৃষিপণ্যের বাজার মনিটরিং ও বাজার দরের হ্রাস-বৃদ্ধির কারণ চিহ্নিতরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

৫) আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত বাজার অবকাঠামো নির্মাণের মাধ্যমে দক্ষ বিপণন ব্যবস্থা গড়ে তোলা।

৬) ব্যবসায়ী ও পরিবহন সংস্থার সহায়তায় উৎপাদন এলাকা হতে ঘাটতি এলাকায় দ্রুত পণ্য সরবরাহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ।

৭) "কৃষিপণ্য মূল্য উপদেষ্টা কমিটি" এর মাধ্যমে কৃষিপণ্যের নূন্যতমমূল্য নির্ধারণে সরকারকে সহায়তা প্রদান।

৮) বাণিজ্যিক ভিত্তিতে কৃষিপণ্য উৎপাদন, বিপণন, ভ্যালু চেইন উন্নয়ন এবং কৃষি ভিত্তিক শিল্প স্থাপনে উদ্যোক্তাগণকে উদ্বুদ্ধ করা।

সেকশন-২

কৃষি বিপণন অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্য এবং অগ্রাধিকার এর আলোকে পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ) এর কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ:

কৌশলগত উদ্দেশ্য (strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective)	কার্যক্রম (Activities)	কর্মসম্পাদন সূচক (Performance Indicators)	একক (Unit)	কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators)	প্রকৃত অর্জন		লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-১৭ (Target/Criteria Value for FY 2016-17)					প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮	প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯
								অসাধারণ	অতি উত্তম	উত্তম	চলতি মান	চলতি মানের নিম্নে		
						২০১৪-১৫	২০১৫-১৬	১০০%	৯০%	৮০%	৭০%	৬০%		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
(ক) কৃষি বিপণন অধিদপ্তরের ম্যান্ডেটেড কৌশলগত উদ্দেশ্যসমূহ														
১। কৃষিপণ্যের সরবরাহ, প্রক্রিয়াজাতকরণ ও দক্ষ বিপণনে সহায়তা করা	৮৫	১.১ কৃষি বিপণন ও উন্নয়ন বিষয়ে প্রচারণা ও তথ্য সংরক্ষণ (২০)	১.১.১ প্রকাশিত প্রতিবেদন	সংখ্যা	১০	২০	২০	৭০	৬০	৫০	৪০	৩০	-	-
			১.১.২ প্রচার প্রচারনা (পোষ্টার, হ্যন্ডবিল, স্টিকার, ব্রুশিয়ার, ইত্যাদি)	সংখ্যা	১০	৩০,০০০	৩৫,০০০	১০,০০০	৯,০০০	৮,০০০	৭,০০০	৬,০০০	-	-
		১.২ বাজার উন্নয়নে সহায়তা প্রদান (২০)	১.২.১ গঠিত কৃষক বিপণন দল	সংখ্যা	১০	২১০	৬০	৩০	২৫	২০	১৫	১০	-	-
			১.২.২ নির্মিত এসেম্বল সেন্টার	সংখ্যা	০৫	-	৪	২	১	-	-	-	-	-
			১.২.৩ চালুকৃত এসেম্বল সেন্টার	সংখ্যা	০৫	-	-	৪	৩	২	১	-	-	-
		১.৩ উপযুক্ত মূল্য প্রাপ্তিতে প্রশিক্ষন ও অন্যান্য সহায়তা প্রদান (৩০)	১.৩.১ প্রশিক্ষিত কৃষক	সংখ্যা	০৫	১২০০	৩৩০০	২৬০০	২৫০০	২৪৫০	২৩৭০	২৩০০	-	-
			১.৩.২ বাজার সংযোগ সুবিধা প্রাপ্ত কৃষক	সংখ্যা	০৫	-	-	১০০	৯০	৮০	৭০	৬০	-	
			১.৩.৩ শগঋকভূক্ত প্রশিক্ষিত কৃষক	সংখ্যা	০৫	-	২৭০	২০০	১৫০	১০০	৯০	৮০	-	-
			১.৩.৪ চালুকৃত শস্য গুদাম	সংখ্যা	০৫	-	-	০৩	০২	০১	-	-	-	-
			১.৩.৫ আয়োজিত মোটিভেশনাল ট্যুর	সংখ্যা (জন)	০৫	৮০০	৫৬০	৪৮০	৪০০	৩৮০	৩৫০	২৫০	-	-
			১.৩.৬ আয়োজিত ওয়ার্কশপ/ সেমিনার	সংখ্যা	০৫	২	৫	০৪	০৩	০২	০১	-	-	-
		১.৪ কৃষি উদ্যোক্তাদের প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদান এবং এগ্রোপ্রসেসিং ও কৃষি ব্যবসায় বিনিয়োগ উৎসাহিত করা (১৫)	১.৪.১ প্রযুক্তি ও কারিগরী সহায়তাপ্রাপ্ত কৃষি প্রক্রিয়াজাতকারী	সংখ্যা	০৫	২০০	১৫০০	৬৫০	৫০০	৪০০	৩০০	২৫০	-	-
			১.৪.২ প্রশিক্ষিত কৃষি প্রক্রিয়াজাতকারী	সংখ্যা	০৫	১৫০	৩০০	২৫০	২০০	১৫০	১৩০	১০০	-	-
			১.৪.৩ বাজার সংযোগ সুবিধাপ্রাপ্ত কৃষি ব্যবসায় উদ্যোক্তা	সংখ্যা	০৫	৬০০	২০০	৭৫০	৭০০	৬০০	৫০০	৪০০	-	-